# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৬২৯

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ স্ত্রীদের সাথে সদ্ব্যবহার করার অসিয়ত

## আরবী

وَعَنْ إِيَاسِ بنِ عَبدِ اللهِ بنِ أَبِيْ ذبَابٍ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ ﷺ لَا تَضْرِبُوا إِمَاءَ اللهِ فجاء عُمَرُ إِلَى رسول الله ﷺ فَقَالَ : ذَئِرْنَ النِّسَاءُ عَلَى أَزْوَاجِهِنَّ فَرَخَّصَ فِي ضَرْبِهِنَّ فَأَطَافَ بِآلِ رَسُوْلِ اللهِ ﷺ نِسَاءٌ كَثِيرٌ يَشْكُونَ أَزْوَاجَهُنَّ فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ لَقَدْ أَطَافَ بِآلِ بَيتِ مُحَمَّدٍ نِسَاءٌ كَثِيرٌ يَشْكُونَ أَزْوَاجَهُنَّ لَيْسَ أُولَئِكَ بِخِيَارِكُمْ رواه أَبُو داود بإسناد صحيح

## বাংলা

(২৬২৯) ইয়াস ইবনে আব্দুল্লাহ (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা আল্লাহর বান্দীদেরকে প্রহার করবে না। পরবর্তীতে উমার (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'মহিলারা তাদের স্বামীদের উপর বড় দুঃসাহসিনী হয়ে গেছে।' সুতরাং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রহার করার অনুমতি দিলেন। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরিবারের নিকট বহু মহিলা এসে নিজ নিজ স্বামীর বিরুদ্ধে অভিযোগ আরম্ভ করল। সুতরাং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মুহাম্মাদের পরিবারের নিকট প্রচুর মহিলাদের সমাগম, যারা তাদের স্বামীদের বিরুদ্ধে অভিযোগ করছে। (জেনে রাখ, মারকুটে) ঐ (স্বামী)রা তোমাদের মধ্যে ভালো মানুষ নয়।

## ফুটনোট

(আবূ দাউদ ২১৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ ইয়াস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন